



## তোফায়েল আহমেদসহ ১৬ সাবেক এমপির মৃত্যুতে সংসদে শোকপ্রস্তাব



সংগৃহীত ছবি

আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ থাকা অবস্থায় দলটির উপদেষ্টা পরিষদের সদস্য ও ভোলা-১ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা তোফায়েল আহমেদসহ ১৬ জন সাবেক সংসদ সদস্যের মৃত্যুতে জাতীয় সংসদে শোকপ্রস্তাব গ্রহণ করা হয়েছে।

রোববার (৭ জুন) বিকেলে ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনের প্রথম দিনের বৈঠকের শুরুতে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ শোকপ্রস্তাবটি উত্থাপন করেন। পরে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

একই অধিবেশনে সম্প্রতি হত্যার শিকার শিশু রামিসাসহ বিভিন্ন ঘটনায় নিহত শিশুদের স্মরণেও সংসদে পৃথক শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

সংসদের শোকপ্রস্তাবে যাদের স্মরণ করা হয়েছে তারা হলেন— জাতীয় পার্টির সাবেক সংসদ সদস্য সৈয়দ মো. কায়সার, বিএনপির সাবেক সংসদ সদস্য ও সাবেক প্রতিমন্ত্রী অধ্যাপক এম এ মাহান, বিএনপির সাবেক সংসদ সদস্য জি এম ফজলুল হক, মানিকগঞ্জ-১ আসনের সাবেক সংসদ সদস্য এ বি এম আনোয়ারুল হক, সাবেক টেকনোলজি মন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ, সাবেক সংসদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা মো. সামসুদ্দোহা, জাতীয় পার্টির সাবেক সংসদ সদস্য আবু নূর মোহাম্মদ বাহাউল হক, বিএনপির সাবেক সংসদ সদস্য দেওয়ান শামসুল আবেদীন, জাতীয় পার্টির সাবেক সংসদ সদস্য ও সাবেক উপমন্ত্রী গোলাম সারোয়ার মিলন, ময়মনসিংহ-৪ আসনের সাবেক সংসদ সদস্য মোসলেম উদ্দিন, চট্টগ্রাম-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, মুন্সিগঞ্জ-২ আসনের সাবেক সংসদ সদস্য ও সাবেক প্রতিমন্ত্রী মিজানুর রহমান সিনহা, ঠাকুরগাঁও-২ আসনের সাবেক সংসদ সদস্য মো. দবিরুল ইসলাম, ভোলা-১ আসনের সাবেক সংসদ সদস্য তোফায়েল আহমেদ, মৌলভীবাজার-২ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মো. আব্দুল মতিন এবং ঢাকা-১১ আসনের সাবেক সংসদ সদস্য এ কে এম রহমত উল্লাহ।